بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

April 7, 2011

National War College Delegation meets with Bangladesh Ambassador to the USA

A nine member delegation of the National War College of Washington, DC had a briefing session with Bangladesh Ambassador to the USA and State Minister H.E. Mr. Akramul Qader today. Led by Ambassador Dan Mozena, former US Ambassador to Angola and currently a faculty of the National War College, the group included service members from all branches of the US Defence forces. Two officials from the US Department of State were also present at the meeting. The briefing was in preparation for the War College delegation's upcoming study tour in Bangladesh.

Ambassador Akramul Qader briefed the study group on issues pertaining to politics, governance and foreign relations of Bangladesh and the current state of Bangladesh-US bilateral ties. Referring to the fact that US is Bangladesh's key trade and development partner, Ambassador Qader pointed out that the volume of bilateral trade would go up significantly if the existing tariff and non-tariff barriers, particularly in apparels trade, are removed. Ambassador Qader noted that the commonalities in both countries' state principles such as democracy and freedom have contributed to the development of meaningful partnerships in both bilateral and global contexts. Ambassador Qader's briefing followed a lively question answer session when the study group members put up queries on respective focus of studies in Bangladesh. Their questions related to issues such as demography, disaster management, power and energy resources in Bangladesh, global climate change, food security, counter terrorism, poverty alleviation and human resources development etc. In response to a question on Bangladesh's work plans to improve the power supply capacity, Ambassador Qader said that the present government since assuming office has set specific timelines to generate certain additional power to the national grid and resolve the crisis by the year 2013. Ambassador Qader expressed his hope that the planned field visits in Bangladesh would expose to the study group the resilient and hard-working nature of the Bangladeshi people. He thanked the National Defence University authorities for arranging the study tour in Bangladesh and hoped the process would sustain to the best interests of both countries' practitioners and experts and enhanced people-to-people connectivity.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail: pressministerwash@yahoo.com

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

৭ এপ্রিল ২০১১

ন্যাশনাল ওয়্যার কলেজ প্রতিনিধিদলের যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতের সাথে সাক্ষাৎ

ওয়াশিংটন ডিসিস্থ ন্যাশনাল ওয়্যার কলেজের ৯ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল আজ (৭ এপ্রিল ২০১১) বাংলাদেশ দূতাবাসে মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের-এর সাথে সাক্ষাৎ করেন। এ্যাঙ্গোলায় নিযুক্ত সাবেক মার্কিন রাষ্ট্রদূত ও ন্যাশনাল ওয়্যার কলেজের বর্তমান শিক্ষক জনাব ড্যান ম্যোজেনা-এর নেতৃত্বে প্রতিনিধিদলে মার্কিন প্রতিরক্ষা বাহিনীর সকল বিভাগের প্রতিনিধিরা ছিলেন। মার্কিন পররাষ্ট্র দপ্তরের ২জন কর্মকর্তাও সেসময় উপস্থিত ছিলেন। ন্যাশনাল ওয়্যার কলেজ প্রতিনিধিদলের আসন্ন বাংলাদেশ শিক্ষা সফরের প্রস্তুতি হিসেবে এ বৈঠকটি আয়োজন করা হয়। আলোচনায় রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের বাংলাদেশের রাজনীতি, অর্থনীতি এবং বাংলাদেশ-যুক্তরাষ্ট্র দ্বিপাক্ষিক সম্পর্ক সংক্রান্ত বিভিন্ন বিষয় তুলে ধরেন। মার্কিন যুক্তরাষ্ট্রকে বাংলাদেশের অন্যতম প্রধান বাণিজ্য ও উন্নয়ন সহযোগী রাষ্ট্র হিসেবে বর্ণনা করে রাষ্ট্রদূত কাদের বলেন যে দুদেশের মধ্যকার দ্বিপাক্ষিক বানিজ্যের পরিমান বহুলাংশে বৃদ্ধি পাবে যদি বাণিজ্য ক্ষেত্রে বিরাজমান শুল্ক ও অশুল্ক প্রতিবন্ধকতাসমূহ দূর করা যায়। রাষ্ট্রদূত কাদের বলেন যে রাষ্ট্র পরিচালনার কতিপয় প্রধান মূলনীতি যেমন ঃ গণতন্ত্র ও মানবাধিকার ইত্যাদি বিষয়ে বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যকার প্রাতিষ্ঠানিক সাদৃশ্য দুদেশকে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক কূটনীতিতে একে অপরের অর্থবহ সহযোগীতে পরিণত করেছে।

আলোচনাপর্বশেষে প্রশ্নোত্তর পর্বে প্রতিনিধিদলের সদস্যরা বাংলাদেশে তাদের স্ব স্ব অধিতব্য বিষয়ে-যেমন ঃ জনসংখ্যা ব্যবস্থাপনা, দুর্যোগ ব্যবস্থাপনা, বাংলাদেশের বিদ্যুৎ ও জ্বালানী খাত, বৈশ্বিক জলবায়ু পরিবর্তন, খাদ্য নিরাপত্তা, সন্ত্রাস নিরোধ, দারিদ্র বিমোচন, মানব সম্পদ উন্নয়ন ইত্যাদি-রাষ্ট্রদূতের কাছে সুনির্দিষ্টভাবে জানতে চান। বাংলাদেশে বিদ্যুৎ খাতে ঘাটতি নিরসনে বর্তমান সরকার কর্তৃক গৃহিত পদক্ষেপ সর্ম্পকে এক প্রশ্নের উত্তরে রাষ্ট্রদূত কাদের জানান যে সরকার ২০১৩ সালের মধ্যে এ ঘাটতি পূরণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে এবং মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা বাস্তবায়ন করছে। তিনি উল্লেখ করেন যে, জাতীয় গ্রীডে প্রতি বছর অধিকতর পরিমানে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে।

রাষ্ট্রদূত কাদের আশা প্রকাশ করেন যে বাংলাদেশে আসন্ন শিক্ষা সফর অংশগ্রহনকারী মার্কিন প্রতিরক্ষাবাহিনীর সদস্যদের জন্য অত্যন্ত ফলপ্রসূ হবে এবং তা বাংলাদেশের অত্যন্ত কর্মঠ মানুষ সর্ম্পকে ইতিবাচক ধারণা গঠনে ভূমিকা রাখবে। শিক্ষা সফর আয়োজনের জন্য রাষ্ট্রদূত আকরামুল কাদের ন্যাশনাল ডিফেন্স ইউনিভার্সিটি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং আশা করেন যে দু'দেশের মধ্যকার ব্যক্তি পর্যায়ে সম্পর্ক সম্প্রসারণে এ ধারা অব্যাহত থাকবে।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল ঃ pressministerwash@yahoo.com